



আগারগাঁওয়ে ইউজিসি মিলনায়তনে সোমবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ইউজিসি অ্যাওয়ার্ড প্রদান করা হয়।
অ্যাওয়ার্ডপ্রাপ্তদের সঙ্গে অতিথিরা

বিশ্ববিদ্যালয়ের ১৯ শিক্ষককে 'ইউজিসি' অ্যাওয়ার্ড প্রদান

যায়যায় রিপোর্ট
বিশ্ববিদ্যালয় মন্ত্রণালয় কর্তৃক পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ১৯ শিক্ষককে তাদের মৌলিক ও অনবদ্য গবেষণা কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ 'ইউজিসি' অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। সোমবার ইউজিসি মিলনায়তনে ২০০৬ ও ২০০৭ সালের বিভিন্ন শাখার জন্য ইউজিসি পদকপ্রাপ্তদের হাতে নগদ, অর্থ, সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা প্রফেসর ড. আলমগীর আহমেদ। মৌলিক ও উদ্ভাবনমূলক গবেষণা কর্মকাণ্ডে অগ্রাধিকার দেয়ার জন্য শিক্ষকদের প্রতি আশ্রয় জানিয়ে প্রফেসর ড. আলমগীর আহমেদ বলেন, গবেষণা হচ্ছে সভ্য, ইতিহাস ও ঐতিহ্যের অনুসন্ধান এবং নতুন কিছু আবিষ্কার করা। এ স্বয়ংসূচক অ্যাওয়ার্ড প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকদের গবেষণা কাজে উৎসাহী করা হবে বলে তিনি মনে করেন। উচ্চশিক্ষায় গবেষণায় আরো অধিক বাজেট বরাদ্দের ব্যাপারে তিনি সরকারকে অবহিত করবেন বলে জানান।

১৯৮০ সাল থেকে শিক্ষকদের মৌলিক গবেষণা ও প্রকাশনার স্বীকৃতি হিসেবে এ পদক দিয়ে আসছে ইউজিসি। মোট ছয়টি শাখার প্রতিটিতে দুটি করে মোট ১২টি পদক দেয়া হয়। শাখাগুলো হলো- কলা মানবিক, আইন ও শিক্ষা শাখা, সামাজিকবিজ্ঞান শাখা, প্রকৌশল ও কারিগরি বিজ্ঞান শাখা, জৈব ও জীববিজ্ঞান শাখা, কৃষিবিজ্ঞান শাখা এবং চিকিৎসাবিজ্ঞান শাখা। ২০০৬ সালের জন্য ছয়টি শাখায় পদকের জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ের নয় শিক্ষককে পদক প্রদান করা হয়। ২০০৭ সালের জন্য পাঁচটি শাখায় পদক দেয়া হয় ১০ জনকে। ২০০৬ সালে বিভিন্ন শাখায় পদকপ্রাপ্তরা হলেন- কলা, মানবিক, আইন ও শিক্ষা শাখায় ড. রেদওয়ানুল হক (সহকারী অধ্যাপক, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়) এবং অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা কামাল (দাওয়া অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়)। জৈব ও জীববিজ্ঞান শাখায় ড. এম মনুজুল করিম (সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়) এবং অধ্যাপক সৈয়দ বসিউজ্জামান ফারুক (পদার্থবিজ্ঞান বিভাগ, শাহজাহান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়)। কৃষিবিজ্ঞান শাখায় অধ্যাপক এস এম এ মজিব (সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ,

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়)। প্রকৌশল ও কারিগরি শাখায় অধ্যাপক ড. আনিসুল হক (ডিপার্টমেন্ট অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি)। চিকিৎসাবিজ্ঞানে মো. আমিনুল ইসলাম (ডিপার্টমেন্ট অফ মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়) এবং ড. মো. আবদুস শাকুর (সহযোগী অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়)। সামাজিকবিজ্ঞান শাখায় ড. গৌর গোবিন্দ গোস্বামী (সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়)। ২০০৭ সালের বিভিন্ন শাখায় পদকপ্রাপ্তরা হলেন- কলা, মানবিক, আইন ও শিক্ষা শাখায় মো. জাহাঙ্গীর হোসেন (ফোকলোর বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়) ও অধ্যাপক ড. শরীফ উদ্দিন আহমেদ (ইতিহাস

বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়)। জৈব ও জীববিজ্ঞান শাখায় অধ্যাপক এম নুরুল ইসলাম (উপাচার্য, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) এবং অধ্যাপক মফিজউদ্দিন আহমেদ (চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অফ ম্যাথমেটিক্স অ্যান্ড ন্যাচারাল সায়েন্স, ব্র্যাক ইউনিভার্সিটি)। কৃষিবিজ্ঞানে অধ্যাপক এম ইমামুল হক (চেয়ারম্যান, বাংলাদেশ কাউন্সিল অফ ম্যাথমেটিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ) এবং ড. মো. আবু হাদী নূর আলী খান (সহযোগী অধ্যাপক, প্যাথলজি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়)। প্রকৌশল ও কারিগরি বিজ্ঞানে ড. মো. আমিনুল ইসলাম (ম্যাটারিয়ালস অ্যান্ড মেটালজিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট) ও অধ্যাপক মুরারি মোহন রায় (ডিপার্টমেন্ট অফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়)। চিকিৎসাবিজ্ঞানে অধ্যাপক ড. লায়লা এন ইসলাম (ডিপার্টমেন্ট অফ বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকিউলার বায়োলজি) এবং অধ্যাপক ড. কে এস রাকানী (পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়)। ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউজিসির সদস্য প্রফেসর ড. আতফুল হাই শিবলী। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ড. মো. লুৎফ আলম।

